গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
*www.dshe.gov.bd*

স্মারক নং-ওএম/৩৩৬/আইন/২০০৪(অংশ-১)/০৭/৬৭ তারিখ : ০২/০১/২০১৯ খ্রিঃ।

**বিষয় : দেশের বিভিন্ন জেলার দেওয়ানী/ফৌজদারী মামলাগুলো পরিচালনা এবং তথ্য প্রেরন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলার জজ আদালতসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের বিপক্ষে এবং পক্ষে দায়েরকৃত মামলাগুলো সঠিকভাবে ও সময়মত পরিচালনা না করার কারণে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। বিগত ৩০/০৯/২০১০, ২৬/০৭/২০১১, ১৯/০৯/২০১২ এবং সর্বশেষ ১৮/০৩/২০১৩ তারিখে মামলার তথ্য প্রেরণের জন্য তথ্য ছকসহ পত্র প্রেরণ করা হয়। কিন্তু বর্তমানে কোন জেলা থেকেই মামলার কোন তথ্য পাওয়া যাচ্ছে না। বিগত সময়ে দেওয়ানী মামলাগুলো যথাসময়ে এবং সঠিকভাবে পরিচালনা না করার কারণে এবং আদালতে যথাযথ তথ্য উপস্থাপন এবং সংশ্লিষ্ট আদালতের সরকারি কৌশুলীদের সাথে যোগাযোগ না করার কারনে অনেক মামলার রায় সরকারের বিপক্ষে যায় এমনকি আদালত অবমাননার মতো ঘটনার উদ্ভব হয় যা বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করে। ভবিষ্যতে এ ধরনের বিষয়ের উদ্ভব হলে এর সার্বিক দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার উপরে বর্তাবে।

এ অবস্থায় দেওয়ানী মামলা সম্পর্কিত প্রতিমাসের কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি **আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।** এখানে উল্লেখ্য যে, প্রতিমাসের হালনাগাদ মামলার তথ্য পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে (বাহক/প্রাপ্তি নিশ্চিত) প্রেরণ করতে হবে।

**বিষয়টি আদালত সম্পর্কিয় হওয়ায় অতীব জরুরী**

সংযুক্তিঃ
১। তথ্য প্রেরণের নির্ধারিত ছক
২। ইতোপূর্বে তথ্য প্রেরণের জন্য প্রেরিত পত্রের কপি সমূহ

(মোঃ শফিকুল ইসলাম সিদ্দিকি)
উপ-পরিচালক (সাঃ প্রঃ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোনঃ ৯৫৫৩৬০৭

জেলা শিক্ষা অফিসার
---------------------

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: আইন কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, আইন সেল, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।
০২। উপ-পরিচালক----------------------অঞ্চল-----------------------------।
(বিষয়টি তদারকির জন্য অনুরোধ করা হলো।
০৩। ই,এম,আই,এস, সেল (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। পি.এ-টু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫। সংরক্ষণ নথি

**<u>তথ্যাদি প্রেরণের ঠিকানা:</u>**
**মহাপরিচালক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:**
শিক্ষা অফিসার (আইন)
কক্ষ নং-২২৭,২২৫ (২য় তলা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
মোবাঃ ০১৭১০-৮৬৩১৬৩,০১৭১১-০৩৯৯৯৬,০১৭২০-১২৪২২২

# দেওয়ানী মামলা সংক্রান্ত হালনাগাদ তথ্য

## ছক

| ক্রমিক নং | মামলার নম্বর | প্রতিষ্ঠানের নাম ও ধরন | বাদী ও বিবাদীর নাম | মামলার কারন | মামলার বর্তমান অবস্থা ও পরবর্তী শুনানীর তারিখ | মামলার বর্তমান ও গৃহীত কার্যক্রমের বিবরণ মন্তব্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

তাগিদ পত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ওএম/৩৩৬/আইন/০৪ (অংশ-১)/ ৭৬৬৫/৪-শিক্ষা তারিখ: ২৮/৩/২০১৩

**বিষয় : দেশের বিভিন্ন জেলার দেওয়ানী/ফৌজদারী মামলাগুলো পরিচালনা এবং তথ্য প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলার জজ আদালতসমূহে শিক্ষা মন্ত্রনালয়ের বিপক্ষে এবং পক্ষে দায়েরকৃত মামলাগুলো সঠিকভাবে ও সময়মত পরিচালনা না করার কারণে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। বিগত ৩০/০৯/২০১০ এবং ১৯/০৯/২০১২ তারিখে মামলার তথ্য প্রেরণের জন্য তথ্য ছকসহ পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কয়েকটি জেলা ছাড়া মাসওয়ারী মামলার কোন তথ্য পাওয়া যায় নাই। বিগত সময়ে দেওয়ানী মামলাগুলো যথাসময়ে এবং সঠিকভাবে পরিচালনা না করার কারণে আদালত অবমাননার মতো ঘটনার সৃষ্টি হয়েছে।

এ অবস্থায় দেওয়ানী মামলা সম্পর্কিত প্রতিমাসের হালনাগাদ তথ্যাদি এবং আপনার দপ্তরের কোন কর্মকর্তাকে আপনার পক্ষে মামলাগুলো সরাসরি তদারকির জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে তার তথ্য আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এখানে উল্লেখ্য যে, প্রতিমাসের হালনাগাদ মামলার তথ্য পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে (বাহক/প্রাপ্তী নিশ্চিত) প্রেরণ করতে হবে।

**বিষয়টি অতীব জরুরী**

২৮/৩/১৩
(মোঃ শফিকুল ইসলাম সিদ্দিকি)
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ৯৫৫৩৬০৭
২৮.০৩.১৩

**জেলা শিক্ষা অফিসার**

--------------------------

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ: আইন কর্মকর্তা (উপ-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, আইন সেল, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০

২। উপ-পরিচালক ------------------ অঞ্চল ----------------------।
(বিয়য়টি তদারকির জন্য অনুরোধ করা হল।)

৩। পিএ টু মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ঢাকা

৪। সংরক্ষণ নথি

**তথ্যাদি প্রেরণের ঠিকানা:**
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**দৃষ্টি আকর্ষন :**
সহকারী পরিচালক (শা: শি:)
আইন শাখার দায়িত্ব প্রাপ্ত
কক্ষ নং ২১৭, ২১৯ (২য় তলা)

Format/Daynoi/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ওএম/৩৩৬/আইন/২০০৪/অংশ-১/৩৪৮৮৫/৬৭ জিএ তারিখঃ ২৬/৭/২০১১

**বিষয় ঃ বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার দেওয়ানী মামলার সর্বশেষ অবস্থা অবহিত করন প্রসংগে।**

সূত্র ঃ ওএম/১২(ক-৩)/২০১১/৯০৪৬/২, তারিখ: ২৪/০৭/২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর জেলার আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্কুল/কলেজ/মাদ্রাসা এর দেওয়ানী মামলার সর্বশেষ তথ্য নির্ধারিত ছকে প্রেরণের জন্য ইতোপূর্বে অনুরোধ করে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি যথাসময়ে অনেক ক্ষেত্রে তথ্য প্রেরণ করা হয় নাই। এর ফলে মামালার কার্যক্রম তদারকি করায় সমস্য সৃষ্টি হয়েছে। এ অবস্থার প্রেক্ষিতে আপনার জেলার আওতাধীন বেসরকারি স্কুল/কলেজ/মাদ্রাসার দেওয়ানী মামলার সর্বশেষ অবস্থা সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করে জরুরীভিত্তিতে আগামী আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে অত্র অধিদপ্তরের আইন শাখায় বাহক মারফত/নিশ্চিত ডাকযোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি:
১। তথ্য প্রেরণের ছক।

**তথ্য প্রেরণের ঠিকানা ঃ**
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**দৃষ্টি আকর্ষণঃ**
সহকারী পরিচালক আইন
কক্ষ নং ২১৯, মাউশি অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২৬/৭/১১
(মোঃ সাইফুল ইসলাম)
সহকারী পরিচালক (শাঃ শিঃ)
আইন শাখায় দায়িত্বপ্রাপ্ত
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জেলা শিক্ষা অফিসার
(সকল)------------------------।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ---ঢাকা--------অঞ্চল ---ঢাকা সহ সকল অঞ্চল---।
(তাঁকে উল্লিখিত বিষয়টি তদারকির জন্য অনুরোধ করা হল)
২। পি এ টু মহাপরিচালক, মাউশি অধিদপ্তর।
৩। পি এ টু পরিচালক (ক: ও প্র:), মাউশি অধিদপ্তর।
৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ওএম/৩৩৬/আইন/০৪ (অংশ-১)/২৮৭৪৩/৪ মি.প্র. তারিখ: ১৩/৯/২০১২

**বিষয় : দেশের বিভিন্ন জেলার দেওয়ানী/ফৌজদারী মামলাগুলো পরিচালনা এবং তথ্য প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় জজ আদালতসমূহে শিক্ষা মন্ত্রনালয়ের বিপক্ষে এবং পক্ষে দায়েরকৃত মামলাগুলো সঠিকভাবে ও সময়মত পরিচালনা না করার কারণে বিভিন্ন মামলায় সমস্যার সৃষ্টি হচ্ছে। জজ আদালতসমূহে দায়েরকৃত মামলাগুলো সঠিক ভাবে পরিচালনাসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জেলা শিক্ষা অফিসারগণের করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করা হল:

১। জেলা শিক্ষা অফিসারগণ তাঁর জেলার আওতাধীন সরকারের বিরুদ্ধে দায়েরকৃত দেওয়ানী মামলাগুলো সরকারি কৌসুলীর সাথে যোগাযোগ করে সরকার পক্ষে পরিচালনা এবং প্রতিদ্বন্দ্বিতার ব্যবস্থা গ্রহণ করবেন।

২। জেলা শিক্ষা অফিসারগণ তাঁর জেলার প্রতিমাসের মামলার তথ্য পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের আইন শাখায় প্রেরণ করবেন। উল্লেখ্য যে, ইতোপূর্বে মামলার তথ্য প্রেরণের জন্য বলা হলেও সঠিকভাবে তথ্য প্রেরণ করা হয়নি।

৩। জেলা শিক্ষা অফিসারগণ তাঁর অফিসে মামলার তথ্য অত্র অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত 'ছক' অনুসারে মামলাগুলো রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন।

৪। জেলা শিক্ষা অফিসারগণ অফিস আদেশের মাধ্যমে তাঁর অফিসের একজন কর্মকর্তাকে মামলা তদারক করার দায়িত্ব প্রদান করবেন এবং নিজে সার্বিক দায়িত্বে থাকবেন।

৫। জেলা শিক্ষা অফিসারগণ তাঁর জেলার মামলা সংক্রান্ত সার্বিক বিষয়ে প্রতিমাসে একটি সভা করবেন এবং প্রতিমাসের সভার কার্যবিবরনী রেজুলেশন আকারে সংরক্ষণ **করবেন**।

৬। কোন মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত **হলে উর্ধ্বতন** কর্তৃপক্ষের আদেশের অপেক্ষা না করে আপীল দায়েরের সময় তামাদি হওয়ার পুর্বেই উচ্চ আদালতে আপীল দায়েরের ব্যবস্থা গ্রহণ করবেন ও পরবর্তীতে অত্র অধিদপ্তরের আইন শাখাকে অবহিত করবেন।

৭। মাননীয় সচিব ও মহাপরিচালক মহোদয়ের পক্ষে ওকালতনামায় স্বাক্ষরের প্রয়োজন হলে স্বল্পতম সময়ের মধ্যে বাহক মারফত প্রেরণের ব্যবস্থা করবেন। তবে এক্ষেত্রে **মামলার জবাব** তৈরি করে একই সংগে প্রেরণ করবেন।

৮। উল্লিখিত বিষয়ের ব্যত্যয় ঘটলে এবং সরকার পক্ষে মামলা পরিচালনার ক্ষেত্রে অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে মামলার জন্য জবাবদিহি করতে হবে।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি:
১। মামলার তথ্য প্রেরণের 'ছক'

**(মোঃ শফিকুল ইসলাম সিদ্দিকি)**
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ৯৫৫৩৬০৭

জেলা শিক্ষা অফিসার

------------------------

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ: আইন কর্মকর্তা (উপ-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, আইন সেল, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০
২। উপ-পরিচালক -------------- অঞ্চল ----------------।
(বিয়য়টি তদারকির জন্য অনুরোধ করা হল।)
৩। পিএ টু মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ঢাকা
৪। সংরক্ষণ নথি